

২০২০

বাংলা - সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

Day 2

- ১। (ক) বাংলার সমাজ-সংস্কৃতিতে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাঙালির সংস্কৃতি উৎকর্ষ লাভ করেছে তার নিজস্ব কিছু বৈশিষ্ট্যের জন্য।—বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ১০
- ২। (ক) ভারতে পাশ্চাত্য শিক্ষার (বিশেষ করে ইংরেজি শিক্ষার) বিস্তার কীভাবে ঘটেছিল সে সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০
অথবা,
(খ) ভারতীয় কৃষক আন্দোলনে নীল বিদ্রোহ ছিল এক গুরুত্বপূর্ণ অধ্যায়।—আলোচনা করো। ১০
- ৩। (ক) দেশভাগের বিপর্যয় বাঙালির জীবনে একটা ট্রাজেডি।—সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) প্রেক্ষাপট উল্লেখ করে ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের বিবরণ লিপিবদ্ধ করো। ১০
- ৪। (ক) বাঙালি জাতির নৃতাত্ত্বিক পরিচয় দাও। ৫
অথবা,
(খ) পালযুগের বাংলায় বৌদ্ধধর্মের বিকাশের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- ৫। (ক) সংক্ষেপে তেভাগা আন্দোলনের গুরুত্ব আলোচনা করো। ৫
অথবা,
(খ) সমাজ-সংস্কারক হিসাবে বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে উল্লেখ করো। ৫

Please Turn Over

৬। (ক) বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে ছাত্রসমাজের ভূমিকার পরিচয় দাও।

৫

অথবা,

(খ) ১৯৫২-র ভাষা আন্দোলনের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫

(ক) বৈষ্ণব তত্ত্বালোচনায় ষড়গোস্বামীদের ভূমিকার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) সত্য ধর্ম প্রচারের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত তত্ত্ববোধিনী সভার গুরুত্ব নির্ণয় করো।

(গ) সংক্ষেপে নকশালবাড়ি আন্দোলনের ঐতিহাসিক গুরুত্ব নির্ণয় করো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) বাংলা ভাষায় লেখা প্রথম গ্রন্থ কোনটি?

(খ) পাল বংশের প্রতিষ্ঠা কে করেন?

(গ) লক্ষ্মণ সেনের সময় কারা নবদ্বীপ আক্রমণ করেন?

(ঘ) বাংলাভাষায় রচিত প্রথম চৈতন্যজীবনী গ্রন্থের নাম কী?

(ঙ) বাংলায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে?

(চ) 'ইয়ং বেঙ্গল' দলের প্রতিষ্ঠাতা কে?

(ছ) সতীদাহ প্রথা নিবারণে কে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন?

(জ) শিকাগো বিশ্বধর্ম সম্মেলনে কোন বাঙালি যোগ দিয়েছিলেন?

(ঝ) হরিশচন্দ্র মুখোপাধ্যায়ের সম্পাদনায় প্রকাশিত পত্রিকাটির নাম লেখো।

(ঞ) ভারতসভা প্রতিষ্ঠার কারণ কী?

(ট) শহিদ সোহরাওয়ার্দী কে ছিলেন?

(ঠ) দলিতদের গান্ধিজি কী নামে আখ্যা দিয়েছিলেন?

(ড) দেশভাগ নিয়ে লেখা অতীন বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাসটির নাম লেখো।

(ঢ) তেভাগা আন্দোলন কত খ্রিস্টাব্দে শুরু হয়েছিল?

(ণ) নকশাল আন্দোলন প্রথম কোথায় শুরু হয়েছিল?